ভোরের কাগজ

তারিখ 02 DEC 1998
পৃষ্ঠা ৯ কলাম ৪

# ঢাকায় অ্যাপটেক লিমিটেডের পাঠক্রম শেখানো শুরু

কাগজ প্রতিবেদক : সফটওয়্যার রপ্তানি প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণদানের জন্য এশীয় তথ্য প্রযুক্তির বৃহৎ প্রতিষ্ঠান অ্যাপটেক লিমিটেডের পাঠক্রম অ্যাসেট ইন্টারন্যাশনাল এখন ঢাকায় শেখানো শুরু হয়েছে। বাংলাদেশে অ্যাপটেকের দুই ব্যবসায়ী অংশীদার এক্সিয়ম টেকনোলজিস লিঃ এবং ফ্লোরা সিস্টেমস লিঃ যথাক্রমে ধানমন্ডি ও মগবাজারে দুটি প্রশিক্ষণ কেন্দ্রে এ কোর্স পরিচালনা করা হচ্ছে। প্রতিষ্ঠান দুটির উদ্যোগে গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়।

সংবাদ সম্মেলনে ভারতের অ্যাপটেক লিমিটেডের নির্বাহী সহসভাপতি কে রমেশ, বাংলাদেশের এক্সিয়ম টেকনোলজি লিমিটেডের নির্বাহী পরিচালক রিজওয়ান বিন ফারুক এবং ফ্লোরা সিস্টেমসের ব্যবস্থাপনা পরিচালক মুস্তফা রফিকুল ইসলাম বক্তব্য রাখেন।

অ্যাপটেক লিমিটেডের কে রমেশ বলেন, চাকরিজীবী এবং এনালিস্টদের জন্য অ্যাসেট পেশাগত প্রশিক্ষণের সুযোগ করে দিচ্ছে। অন্যদিকে দ্রুত বিকাশমান সফটওয়্যার শিল্পে চাকরি প্রত্যাশী স্নাতক ও প্রকৌশলীদের জন্য উচ্চমানের সার্বক্ষণিক সমন্বিত পাঠক্রমের সুযোগ গড়ে দিচ্ছে অ্যাসেট।

সাংবাদিকদের উদ্দেশে দেওয়া বক্তব্যে এক্সিয়ম টেকনোলজি লিমিটেডের রিজওয়ান বিন ফারুক বাংলাদেশের তথ্য প্রযুক্তি ক্ষেত্রে বিশেষত সফটওয়্যার রপ্তানির বিষয়ে প্রশিক্ষণের অভাবের কথা উল্লেখ করেন। তিনি অ্যাসেট ইন্টারন্যাশনালের মাধ্যমে প্রশিক্ষিত ও যোগ্য সফটওয়্যার প্রকৌশলী গড়ে তুলে দেশকে একটি সফটওয়্যার পাওয়ার হাউজে পরিণত করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

ফ্লোরা সিস্টেমসের মুস্তফা রফিকুল ইসলাম বলেন, অরাকল, মাইক্রোসফট, নভেলের মতো সার্টিফায়েড কম্পিউটার প্রশিক্ষণদানের জন্য অ্যাসেট ইন্টারন্যাশনাল প্রশিক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষার সুযোগ-সুবিধা জোগাবে। এর ফলে এসব সুযোগ লাভের জন্য বাংলাদেশী তথ্য প্রযুক্তি পেশাজীবীদের আর বিদেশ পাড়ি দিতে হবে না।

সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে মুস্তফা রফিকুল ইসলাম এবং রিজওয়ান বিন ফারুক জানান বর্তমান (পেশাগত) প্রশিক্ষণ কর্মসূচিতে দুটি কোর্স আছে। এগুলো হচ্ছে অ্যাডভান্সড ডিপ্লোমা ইন সফটওয়্যার এক্সপোর্ট টেকনোলজিস (অ্যাডসেট) এবং অ্যাসেট কোয়ালিফাইড প্রফেশনাল প্রোগ্রাম (একিউপিপি)। অ্যাডসেটের শিক্ষাদানের মেয়াদ ৬২০ ঘন্টা এবং একিউপিপির মেয়াদ ৫৪৮ ঘন্টা। তারা জানান, প্রতি ঘন্টার জন্য প্রশিক্ষণার্থীদের ১৬০ টাকা পরিশোধ করতে হবে।